



আখাউড়া স্থলবন্দর দিয়ে আমদানি-রফতানি বন্ধ, যাত্রী পারাপার স্বাভাবিক



সংগৃহীত ছবি

বিশ্বকর্মা পূজা উপলক্ষে ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া স্থলবন্দর দিয়ে আজ বুধবার (১৭ সেপ্টেম্বর) সব ধরনের আমদানি-রফতানি কার্যক্রম বন্ধ রয়েছে। তবে পাসপোর্টধারী যাত্রী পারাপার এবং কাস্টমসের দায়িত্বপূর্ণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

বিশ্বকর্মা পূজা উপলক্ষে আজ সকাল থেকে আখাউড়া স্থলবন্দর দিয়ে ভারতের উত্তর-পূর্বাঞ্চল রাজ্যগুলোর সঙ্গে সমস্ত বাণিজ্য কার্যক্রম স্থগিত রয়েছে। তবে আন্তর্জাতিক ইমিগ্রেশন চেকপোস্টে পাসপোর্টধারী যাত্রী পারাপার এবং কাস্টমসের আনুষ্ঠানিক কাজ স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

আখাউড়া স্থলবন্দরের সিএন্ডএফ ব্যবসায়ী মো. রাজীব ভূঁইয়া এবং মাছ রপ্তানিকারক অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মো. ফারুক মিয়া জানান, ভারতের ত্রিপুরা রাজ্যের আগরতলা বন্দরের ব্যবসায়ীরা আগেই চিঠি পাঠিয়ে বুধবার সকাল থেকে বাণিজ্য বন্ধ রাখার তথ্য জানিয়েছিলেন।

তবে আগামীকাল সকাল থেকে ত্রিপুরায় মাছ রফতানির মাধ্যমে আবারও বাণিজ্য কার্যক্রম শুরু হবে বলে নিশ্চিত করেছেন মো. ফারুক মিয়া।

আখাউড়া আন্তর্জাতিক ইমিগ্রেশন ইনচার্জ আব্দুস সাত্তার আরও জানান, বাণিজ্য বন্ধ থাকলেও যাত্রী পারাপার এই স্থলবন্দর দিয়ে স্বাভাবিকভাবেই হচ্ছে।